



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

সুন্নাহ ত্যাগ কোরো না

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহু, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

তারিকাতের মানুষ তারাই যারা আমাদের পবিত্র নাবী (সাঃ) এর পথ অনুসরণ করে। মাশাইখ উনার (সাঃ) থেকে আগত। তারিকাতের মানুষদের জন্য আমাদের পবিত্র নাবী (সাঃ) এর সুন্নাহ পালন করা অবশ্য কর্তব্য।

তারিকাতের মানুষদের অনুসরণ করা প্রয়োজন শারিয়াহ এবং আমাদের পবিত্র নাবী (সাঃ) এর সুন্নাহ। সেই সুন্নাহ যাই হোক না কেন, তারা যেটাই সুন্নাহ হিসেবে জানে তাই তাদের করতে হবে। যেমন, খালি মাথায় নামায না পড়া। এখন নতুন ফ্যাশান বের হয়েছে। মহিলারা মাথা খোলা রেখে নামায পড়ে। এটা মহিলাদের জন্য কখনোই গ্রহণযোগ্য নয় কিন্তু যদি ছেলেরা তা করে তাহলে তারাও সুন্নাহ পরিত্যাগ করছে। তারা যেন অন্ততপক্ষে একটি কুফি মাথায় দেয় এবং খালি মাথায় নামায না পড়ে।

এরকম আরও বহু সুন্নাহ আছে। আমাদের পবিত্র নাবী (সাঃ) এর হাজার হাজার সুন্নাহ আছে। অবশ্য, সবাই তার সবগুলো জানতে পারবে না। কিন্তু যদি তুমি আমাদের পবিত্র নাবী (সাঃ) এর কোন সুন্নাহ জানতে পারো তাহলে তোমার উচিত তা প্রয়োগ করা, তাহলে তুমি শেষ সময়ে একশত শাহীদের সাওয়াব লাভ করতে পারবে। আমাদের পবিত্র নাবী (সাঃ) তা বলেন। এটা কোন ছোট বিষয় নয়, শাহাদাত কোন সহজ জিনিস নয়। চিন্তা করে দেখ, তুমি ছোট্ট একটি কাজ করবে আর তার উপকার কত বড় হবে।

আমরা মাথায় কুফি পড়াকে একটি উদাহরণ হিসেবে উল্লেখ করলাম। রুপার আংটি পড়াও সুন্নাহ। দাঁড়ি এবং চুল আঁচড়ানোও সুন্নাহ। এরকম হাজার হাজার সুন্নাহ আছে। যারা আল্লাহর খুশীর জন্য নিয়াত করে আমাদের পবিত্র নাবী (সাঃ) এর সুন্নাহ অনুসরণ করে তারা লাভবান হবে।

যেসব মানুষেরা সবকিছু আমাদের পবিত্র নাবী (সাঃ) এর উদাহরণ অনুযায়ী করে তাদের জন্য কঠিন বলে কিছু নেই। মানুষেরা ভাবে সুন্নাহ অনুসরণ করা কঠিন। তোমরা যা জান ত যদি একটু একটু করে কর তাহলে তার সাওয়াব অর্জন করবে এবং বঞ্চিত হবে না। আল্লাহ যেন আমাদের সব সুন্নাহ করতে সাফল্য দেন ইনশা আল্লাহ।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
২২ সেপ্টেম্বর ২০১৬/২০ যুলহিজ্জা ১৪৩৭
ফাজর নামায, আকবাবা দারগাহ।